

বর্ধমান বিশ্ববিদ্যালয়

রাজবাড়ী, বর্ধমান

২০২০-২০২১ শিক্ষাবর্ষের স্নাতক স্তরে প্রথম বর্ষের প্রথম সেমিস্টার ভর্তি সংক্রান্ত নিয়মাবলী

সংশোধনী

প্রজ্ঞাপন সংখ্যা-আর-সি/ইউ.জি.-পার্ম/এডমি/১ তারিখ : ২৮.০৭.২০২০ এই প্রজ্ঞাপনে নিম্নলিখিত অংশগুলি সংশোধন করা হল।

প্রজ্ঞাপন সংখ্যা-আর-সি/ইউ.জি.-পার্ম/এডমি/২

তারিখ : ৩১.০৭.২০২০

- (৯) সরকারী নির্দেশিকা অনুযায়ী প্রাপ্ত নম্বরের ভিত্তিতে মেধা তালিকা (Merit list with merit score) সংশ্লিষ্ট কলেজের ওয়েব সাইটে প্রকাশ (upload) করতে হবে এবং তার একটি কপি E-mail মারফৎ বিশ্ববিদ্যালয়ের কাছে পাঠাতে হবে। ভর্তি ও সংরক্ষণ সংক্রান্ত রাজ্য সরকারের সকল নির্দেশনামা (G.O.)/বিজ্ঞপ্তি এক্ষেত্রে প্রযোজ্য হবে। ভর্তি চলাকালীন COVID-19 Protocol অনুযায়ী যে সরকারী নির্দেশনামা আসবে সেগুলি কার্যকর করতে হবে। ভর্তির জন্য মনোনীত ছাত্র/ছাত্রীকে তার নিজস্ব email/মোবাইল মারফৎ ভর্তির মনোনয়ন সংক্রান্ত তথ্য যথাযথভাবে জানাতে হবে। আর্থিকভাবে দুর্বলদের (EWS) সংরক্ষণ সংক্রান্ত আদেশনামা নং 325/PAR(AR)/3P-1/2019/ dt. 9.7.2019 এর ব্যাপারে নতুন কোনো নির্দেশনামা এলে সেটি কার্যকর করার ব্যবস্থা রাখতে হবে।
- (১০) রাজ্যস্তরের খেলোয়াররা স্পোর্টস কোর্সে সাম্মানিক (Hons.) কোর্সের প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে ভর্তি হতে পারবে, যদি উচ্চ মাধ্যমিক/সমতুল পরীক্ষায় 45% নম্বর সহ স্বীকৃত খেলার যথাযথ প্রমাণপত্র থাকে। জেলাস্তরের খেলোয়াররা উচ্চ মাধ্যমিক বা সমতুল পরীক্ষায় Pass Marks সহ স্বীকৃত খেলার উপযুক্ত প্রমাণপত্র থাকলে প্রথম বর্ষের প্রথম সেমিস্টারে জেনারেল কোর্সে ভর্তি হবার জন্য বিবেচিত হবে। Hons.-র ক্ষেত্রে প্রতিটি বিষয়ে সর্বাধিক একটি আসন এই স্পোর্টস কোর্সের জন্য বিবেচনা করা যেতে পারে। আবেদনকারীদের মধ্য থেকে মেধার ভিত্তিতে এই নির্বাচন করতে হবে এবং সেই ছাত্র/ছাত্রীদের নির্দিষ্ট ক্যাটাগরী থেকে ঐ আসনটি বিবেচিত হবে।

স্বাক্ষর

প্রফেসর অভিজিৎ মজুমদার

কর্মসচিব (ভারপ্রাপ্ত)

প্রজ্ঞাপন সংখ্যা-আর-সি/ইউ.জি.-পার্ম/এডমি/২(১০০)/১ তারিখ : ৩১/০৭/২০২০

জ্ঞাতব্য তথ্য ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রতিলিপি প্রেরিত হলো :

- ১। মাননীয়/মাননীয়া—অধ্যক্ষ/উপাধ্যক্ষ/ভারপ্রাপ্ত অধ্যক্ষ বর্ধমান বিশ্ববিদ্যালয় অনুমোদিত সমস্ত কলেজ সমূহ।
- ২। পরীক্ষা নিয়ামক, বর্ধমান বিশ্ববিদ্যালয়।
- ৩। কলেজ পরিদর্শক, বর্ধমান বিশ্ববিদ্যালয়।
- ৪। সকল আধিকারিকবৃন্দ, বর্ধমান বিশ্ববিদ্যালয়।
- ৫। পি. এস., প্রিন্সিপ্যাল সেক্রেটারী, উচ্চশিক্ষা দপ্তর, প. ব. সরকার।
- ৬। পি. এস., উপাচার্য, বর্ধমান বিশ্ববিদ্যালয়।
- ৭। পি. এস., সহ-উপাচার্য, বর্ধমান বিশ্ববিদ্যালয়।
- ৮। জে. এস., কর্মসচিব, বর্ধমান বিশ্ববিদ্যালয়।
- ৯। এস. এস., অনুমতি শাখা, বর্ধমান বিশ্ববিদ্যালয়।
- ১০। জে. এস., রেজিস্ট্রেশন ও মাইগ্রেশন শাখা, বর্ধমান বিশ্ববিদ্যালয়।
- ১১। সিস্টেম ম্যানেজার, বর্ধমান বিশ্ববিদ্যালয়ের কম্পিউটার সেন্টার, এই বিজ্ঞপনটি বর্ধমান বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইটে দেবার জন্য অনুরোধ করা হচ্ছে।

প্রফেসর অভিজিৎ মজুমদার

কর্মসচিব (ভারপ্রাপ্ত)

৩১.০৭.২০২০